যুগান্তর

তারিখ 05 FEB 2008
পৃষ্ঠা ৪ কলাম ৩

# শিক্ষক নিয়োগে শর্তাবলী সংশোধন প্রয়োজন

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগে প্রার্থীর বয়সসীমা এবং শিক্ষাগত যোগ্যতাসহ কিছু শর্তাবলী সংশোধন করা প্রয়োজন। মানুষ গড়ার কারিগর হিসেবে শিক্ষকদের বিবেচনা করা হয়। একাডেমিক শিক্ষায় ভালো সার্টিফিকেট থাকলেই তারা ভালো শিক্ষক হতে পারবেন এটা নিশ্চিত করে বলা যায় না। ন্যূনতম পরিপক্ক বয়স, আদর্শ, ব্যক্তিত্ব, সততা, নিষ্ঠা ইত্যাদি দিক শিক্ষকদের মধ্যে থাকা প্রয়োজন। সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগে নিম্নের প্রস্তাবগুলো বিবেচনা করা যেতে পারে। প্রার্থীর সর্বনিম্ন বয়স ২৫ এবং সর্বোচ্চ ৩৫ বছর। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। প্রার্থীর ভালো রেজাল্ট, বিএড, এমএডসহ আনুষঙ্গিক ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা হিসেবে দেখা। বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে পরীক্ষা গ্রহণ। নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের নিজ নিজ জেলার সরকারি বিদ্যালয়ে এবং প্রয়োজনে নিকটতম পাশের জেলায় পোস্টিং! এতে শিক্ষকরা পাঠদানে অধিক মনোযোগী হতে পারবেন।

শিক্ষা উপদেষ্টা, শিক্ষা সচিব, পিএসসির চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরসহ নীতিনির্ধারক কমিটি প্রস্তাবগুলো গুরুত্বের সঙ্গে ভেবে দেখবেন বলে প্রত্যাশা রাখি।

**মিজানুর রহমান অনীক**
ঝামা বাজার, মাগুরা